

আমরা জনগণের পক্ষে

বাংলাদেশ প্রতিদিন

আপডেট : ৩ ডিসেম্বর, ২০১৮ ০০:০০

আনিসুল হকের মৃত্যুবার্ষিকী পালিত | নিজস্ব প্রতিবেদক

আনিসুল হকের মৃত্যুবার্ষিকী পালিত

বাংলাদেশ পোশাক প্রস্তুত ও রপ্তানিকারক সমিতির (বিজিএমইএ) সাবেক সভাপতি, ঢাকা উত্তর সিটি করপোরেশনের প্রয়াত মেয়র আনিসুল হকের প্রথম মৃত্যুবার্ষিকী উপলক্ষে স্মরণসভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বিকালে বিজিএমইএ ভবনের নুরুল কাদের অডিটোরিয়ামে বিজিএমইএর উদ্যোগে এ স্মরণসভা অনুষ্ঠিত হয়। এ সময় বিজিএমইএর সভাপতি মো. সিদ্দিকুর রহমানের সঙ্গে এফবিসিসিআই সভাপতি মো. সফিউল ইসলাম (মহিউদ্দিন), সাবেক সভাপতি আনিসুর রহমান সিনহাসহ অন্য নেতারা উপস্থিত ছিলেন।